# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الفصل الثانی

আরবী

وَزَادَ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» . بِرِوَايَةِ فَضَالَةَ: «وَالْمُجَاهِدُ مَنْ جَاهَدَ نَفْسَهُ فِي طَاعَةِ اللَّهِ وَالْمُهَاجِرِ من هجر الْخَطَايَا والذنُوب»

বাংলা

৩৪-[৩৩] ইমাম বায়হাক্বী তাঁর শু’আবুল ঈমান গ্রন্থে ফাযালাহ্ (রাঃ) হতে বর্ণনা করেন, তাতে এ শুব্দগুলো বেশি রয়েছেঃ ’’আর প্রকৃত মুজাহিদ হলো সে, যে আল্লাহর আনুগত্যে নিজের নাফসের সাথে জিহাদ করে এবং (প্রকৃত) মুহাজির সে ব্যক্তি, যে সকল অপরাধ ও গুনাহ বর্জন করে।’’[1]

## English

Chapter - Section 2

Baihaqi added in Shu'ab al-iman by the transmission of Fadala, “And the mujahid is he who strives with himself regarding obedience to God, and the muhajir is he who abandons transgressions and sins.

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ৬/২১, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৫৪৯, বায়হাক্বী- শু‘আবুল ঈমান ১০৬১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সে ব্যক্তি প্রকৃত মুজাহিদ নয়, সে শুধুমাত্র কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ করে। বরং প্রকৃত মুজাহিদ সেই যে স্বীয় প্রবৃত্তির বিরুদ্ধে লড়াই করে এবং স্বীয় প্রবৃত্তিকে আল্লাহর আনুগত্য করতে বাধ্য করে। কেননা মানুষের প্রবৃত্তির শক্রুতা কাফিরদের শক্রতার চেয়েও ভয়ংকর। কারণ কাফেরতো তার থেকে অনেক দূরে। যার পক্ষে

সর্বদা তার সাথে মিলিত হওয়া সম্ভব নয়। তবে কখনো কখনো তার কাছে এসে তাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। কিন্তু স্বীয় প্রবৃত্তি সর্বদাই তার সাথে থাকে এবং প্রবৃত্তি তাকে কল্যাণ অর্জন ও আল্লাহর আনুগত্য করতে পদে পদে বাধার সৃষ্টি করে। আর এতে কোন সন্দেহ নেই যে, যে শত্রু সর্বদা তার পিছে লেগে থাকে তার বিরুদ্ধে লড়াই করা অধিক গুরুত্বপূর্ণ সে শত্রুর বিরুদ্ধে লড়াই করার চাইতে যে তার থেকে অনেক দূরে।

হিজরত করার প্রকৃত রহস্য এই যে, মু’মিনের পক্ষে যাতে কোন বাধা ব্যতিরেকেই আনুগত্য করা সম্ভব হয়। আর এমন সব খারাপ লোকেদের সাহচর্য থেকে দূরে থাকা যায় যাদের সাথে অবস্থান করলে খারাপ চরিত্র ও কুকাজে জড়িয়ে পড়তে হয়। অতএব প্রকৃত হিজরত হলো এ খারাপ চরিত্র ও খারাপ কাজ থেকে দূরে থাকা। আর প্রকৃত মুহাজির সেই, যে এসব থেকে দূরে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54592

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন